গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূসক অনুবিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং-২৮/মূসক/২০১৩ তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ মূল্য সংযোজন করের আওতায় কোনো নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত বা স্থানীয়ভাবে ক্রয়কৃত উপকরণ বা উৎপাদিত পণ্য স্থানাভাবে বা অন্য কোনো কারণে প্রতিষ্ঠানের অভ্যন্তরে সংরক্ষণ না করিয়া কারখানা/প্রতিষ্ঠান অঙ্গনের বাহিরে অন্যের মালিকানাধীন সুবিধাজনক পণ্যাগারে বা নিজস্ব নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন পণ্যাগারে বা ডিপোতে সংরক্ষণ বিষয়ে দিক-নির্দেশনা।**

কোনো নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত বা স্থানীয়ভাবে ক্রয়কৃত উপকরণ বা উৎপাদিত পণ্য স্থানাভাবে বা অন্য কোনো কারণে প্রতিষ্ঠানের অভ্যন্তরে সংরক্ষণ না করিয়া কারখানা/প্রতিষ্ঠান অঙ্গনের বাহিরে অন্যের মালিকানাধীন সুবিধাজনক পণ্যাগার বা নিজস্ব নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন পণ্যাগারে বা ডিপোতে সংরক্ষণের ক্ষেত্রে নিম্নরূপ দিক-নির্দেশনা জারি করিল, যথা:-

(ক) আমদানিকৃত বা স্থানীয়ভাবে ক্রয়কৃত উপকরণ বা পণ্য মূল্য সংযোজন করের আওতায় সেবার কোড S০০৫.১০ এর অধীন নিবন্ধিত পণ্যাগার এ সংরক্ষণ করা যাইবে;

(খ) পণ্যাগারে রক্ষিত উপকরণ বা পণ্য, পণ্যাগার সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধ করিয়া চালানপত্রের (মূসক-১১) মাধ্যমে সরবরাহ করা যাইবে।

০২। নিবন্ধিত উৎপাদনকারীর কারখানায় উৎপাদিত পণ্য কারখানা অঙ্গনেই সংরক্ষণ করিতে হইবে। প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধ ব্যতিরেকে উৎপাদিত পণ্য কারখানা অঙ্গনের বাহিরে অন্য কোথাও সংরক্ষণ করা যাইবে না;

তবে শর্ত থাকে যে, উৎপাদন স্থল বা কারখানায় স্থানাভাবে বা অন্য কোন কারণে উৎপাদন পর্যায়ে মূসক আইনের ধারা ৫(২) এর বিধান অনুযায়ী পণ্যের চূড়ান্ত বিক্রয়ন্তর পর্যন্ত ক্রেতার নিকট হইতে প্রাপ্য পণ, যাহাতে পণ্যের উপকরণ মূল্য, যাবতীয় ব্যয় ও তৎকর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে, প্রদত্ত কমিশন, চার্জ, ফি ও সম্পূরক শুল্কসহ সকল শুল্ক ও কর (মূল্য সংযোজন কর ব্যতীত) এবং মুনাফা অন্তর্ভূক্ত থাকিলে প্রদেয় শুল্ক কর পরিশোধ করতঃ উৎপাদিত পণ্য এই আদেশের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে কারখানা অঙ্গনের বাহিরে কোন পণ্যাগারে বা ডিপোতে সংরক্ষণ ও সেখান হইতে সরবরাহ করা যাইবে।

০৩। এই আদেশের আওতায়–

(ক) অন্যের মালিকানাধীন বা নিজস্ব নিন্ত্রণাধীন/মালিকানাধীন পণ্যাগারে বা ডিপোতে নিজস্ব উৎপাদিত পণ্য সংরক্ষণের জন্য সরবরাহের নিমিত্তে ক্রেতার নামের স্থলে সরবরাহ-গ্রহীতা হিসাবে পণ্যাগারের নাম, ঠিকানা ও নিবন্ধন নম্বর উল্লেখপূর্বক যথাযথভাবে পূরণকৃত চালানপত্র (মূসক-১১) ইস্যু করিতে হইবে;

(খ) আমদানীকৃত পণ্য নিজস্ব নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন পণ্যাগারে বা ডিপোতে সংরক্ষণের ক্ষেত্রে বিল অফ এন্ট্রির কপি পণ্যাগারে বা ডিপোতে প্রেরণের বিষয়টি নিশ্চিত করিতে হইবে;

(গ) পণ্যাগার বা ডিপো হইতে পণ্য সরবরাহের ক্ষেত্রে ইস্যুকৃত চালানপত্রে (মূসক-১১) পণ্যাগার সেবার মূল্য এবং উপকরণ/পণ্য মূল্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে এবং উভয় ক্ষেত্রে জড়িত মূসক এর পরিমাণও পৃথকভাবে উল্লেখ করিতে হইবে; এবং

(ঘ) চালানপত্রে, 'উপকরণের উপর প্রযোজ্য মূসক, আমদানিকৃত উপকরণ/পণ্যের ক্ষেত্রে আমদানি স্তরে, উৎপাদিত পণ্যের ক্ষেত্রে উৎপাদন স্তরে এবং স্থানীয়ভাবে ক্রয়কৃত পণ্যের ক্ষেত্রে সরবরাহ স্তরে পরিশোধিত' মর্মে মন্তব্য লিপিবদ্ধ করিতে হইবে।

০৪। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৯ এর বিধানমতে–

(ক) উপকরণের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর, উপকরণ আমদানি বা স্থানীয়ভাবে ক্রয়ের স্বপক্ষে প্রযোজ্য ক্ষেত্রে মূল বিল অফ এন্ট্রি বা অনুচ্ছেদ ০৩ এ উল্লেখিত পদ্ধতিতে পণ্যাগার হইতে ইস্যুকৃত চালানপত্রের (মূসক-১১) ভিত্তিতে পণ্যাগার হইতে নিবন্ধিত কারখানায় অথবা প্রযোজ্য ক্ষেত্রে ব্যবসা বা সেবা প্রদানস্থলে সম্পূর্ণভাবে প্রবেশ করানো সাপেক্ষে পরবর্তী ২(দুই) কর মেয়াদের যে কোন তারিখে উক্ত উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে; এবং

(খ) একইসাথে পণ্যাগার সেবার বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর, পণ্যাগার হইতে ইস্যুকৃত একই চালানপত্রের (মূসক-১১) ভিত্তিতে উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে।

০৫। মালিকানা বা নিয়ন্ত্রণের ধরণ নির্বিশেষে পণ্যাগারে বা ডিপোতে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধান অনুসরণ করিয়া প্রয়োজনীয় হিসাব পুস্তক ও দলিলাদি সংরক্ষণ করিতে হইবে।

০৬। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশ জারি করিল এবং উহার ০১ জুলাই, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং ০৭/মূসক/২০০৭ এতদ্বারা রহিত করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( মোঃ শওকাত হোসেন )
প্রথম সচিব (মূসক নীতি)